# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ক্যাম্পাস | 06 May, 2025

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জুলাই আন্দোলনে শিক্ষার্থীদের ওপর হামলায় জড়িত থাকার অভিযোগে সাময়িক বহিষ্কৃত ছাত্রলীগ কর্মীর মো. আদনান সাইফের পরীক্ষার খাতা বাতিল করা হয়েছে।

সোমবার (৫ মে) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক সালেহ আহাম্মদ বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় গঠিত তদন্ত কমিটির সুপারিশ সাপেক্ষে ২৭ এপ্রিল বিশ্ববিদ্যালয় প্রশাসন ২৫৯ জন শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করে বিজ্ঞপ্তি প্রকাশ করেন।এ ২৫৯ জনের একজন সাইফ।কিন্তু রোববার (৪ মে) বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের বহিষ্কৃত এ শিক্ষার্থী তৃতীয় বর্ষের ‘নিউক্লিয়ার ফিজিক্স’ কোর্সের পরীক্ষায় ‘রিপিটার’ পরীক্ষার্থী হিসেবে অংশ নেন।ফলে বিভাগের শিক্ষার্থীরা ক্ষোভ প্রকাশ করেছেন।কিন্তু তার পরীক্ষায় অংশ নেওয়ার বিষয়টি অনাকাঙ্ক্ষিত ঘটনা বলে জানিয়েছেন কর্তৃপক্ষ।

এ বিষয়ে পদার্থবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক সালাউদ্দিন বলেন, বিষয়টি আমাদের অজান্তে হয়েছে।এ বিষয়ে আমি ওই কোর্সের পরীক্ষক ও পরীক্ষা কমিটিকে অবগত করেছি যাতে তার খাতা বাতিল করা হয় এবং এরকম ঘটনার পুনরাবৃত্তি না হয়।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক সালেহ আহাম্মদ বলেন, বহিষ্কৃত শিক্ষার্থীর পরীক্ষায় অংশ নেওয়ার ঘটনাটি অনাকাঙ্ক্ষিত।রোববার বহিষ্কৃত যে শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে তার খাতা মূল্যায়ন করা হবে না।

জুলাই আন্দোলন বহিষ্কৃত ছাত্রলীগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:47

URL: https://www.timestodaybd.com/campus/2008775807